

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bangladeshbank.org.bd

এফই সার্কুলার লেটার নং-এফইপিডি(এফইএমপি)/০১/২০১২-১০

৩ আষাঢ়, ১৪১৯
তারিখ-----
১৭ জুন, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার
ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস, ঢাকা।

প্রিয় মহোদয়

বৈদেশিক মুদ্রা একাউন্ট সহজে খোলা ও পরিচালনা সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের নিয়মাবলী।

প্রবাসী/অনিবাসী বাংলাদেশী, নিবাসী বাংলাদেশী ও অন্যান্য উপযুক্ত ব্যক্তিগণ কর্তৃক বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপন ও পরিচালনা বিষয়ে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান্স এর ১ম খণ্ডের অধ্যায় ১৩ এ বর্ণিত নির্দেশনাবলীর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপন ও পরিচালন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাবলী বাংলা ভাষায় সহজে অবগত হওয়ার জন্য অনেকেই আগ্রহ প্রকাশ করে থাকেন। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপন, হিসাব স্থাপনে প্রয়োজনীয় দলিল পত্রাদির সত্যায়ন ও হিসাব পরিচালন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাবলীর উল্লেখযোগ্য বিষয়গুলো একটি বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে যা ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের হোমপেইজে একটি লিংক সহযোগে বাংলা ও ইংরেজীতে আপলোড করা আছে। আপনাদের ব্যাংকের বিভিন্ন অনুমোদিত ডিলার শাখা, বিদেশস্থ ব্যাংক শাখা, বিদেশস্থ নিজস্ব এক্সচেঞ্জ হাউজে কর্মরত কর্মকর্তা ও বৈদেশিক মুদ্রা হিসাব খোলা/পরিচালনা বিষয়ে আগ্রহী ব্যক্তিবর্গসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশিত বুকলেট এর কিছু কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপনে আগ্রহী ব্যক্তিবর্গকে সহযোগিতার লক্ষ্যে উল্লিখিত বুকলেটটি মুদ্রিত করে আপনাদের সকল এডি শাখা, বিদেশস্থ ব্যাংক শাখা, বিদেশস্থ নিজস্ব এক্সচেঞ্জ হাউজে এর পর্যাপ্ত সংখ্যক কপি সরবরাহ করা হলে এটি কেন্দ্রীয় ব্যাংকের নিকট অত্যন্ত প্রশংসনীয় উদ্যোগ বলে বিবেচিত হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন। এ বিষয়ে আপনাদের গৃহীত উদ্যোগের বিষয়েও আগামী ৩১ জুলাই, ২০১২ এর মধ্যে অত্র বিভাগকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২১১৩

ই-মেইল : fepd.femp1@bb.org.bb